কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪
Cumilla Palli Bidyut Samity-4
লাকসাম, কুমিল্লা।
web:https://pbs4.comilla.gov.bd e-mail: comillapbs4@gmail.com

স্মারক নং-২৭.১২.১৯৭২.৫৭৬.০১.০০৮.২৩. ৬৮০৪ তারিখঃ ১৭ ডিসেম্বর , ২০২৩ খ্রিস্টাব্দ
০২ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ

# " পুনঃ নিলাম দরপত্র বিজ্ঞপ্তি"

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর পুরাতন যানবাহন (যানবাহন এবং কাগজপত্রসমূহ যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে)পুনঃ নিলামে বিক্রয়ের লক্ষ্যে নিম্নের বর্ণনা অনুযায়ী মালামাল বিক্রয়ের জন্য বাংলাদেশী প্রকৃত ক্রেতা/ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত ক্রয় দরপত্র আহবান করা যাচ্ছে।

| দরপত্র নং | বিক্রয়যোগ্য যানবাহনের বিবরণ | যানবাহনের অবস্থান | নিলাম দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী | নিলাম দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী | | নিলাম দরপত্র দলিলের মূল্য (টাকা) | নিলাম দরপত্র জামানতের পরিমাণ (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | গ্রহণ | খোলা | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০৯/২০২৩-২৪ (নিলাম দরপত্র) | কুমিল্লা-ম-৫১-০০১২ (সিঙ্গেল কেবিন পিকআপ) | কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪, লাকসাম, কুমিল্লা। | ১৯/১২/২০২৩ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার হতে ২৮/১২/২০২৩ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার অফিস চলাকালীন পর্যন্ত। | ৩১/১২/২০২৩ খ্রিঃ তারিখ রোজ রবিবার বেলা ১২.০০ ঘটিকা। | ৩১/১২/২০২৩ খ্রিঃ তারিখ রোজ রবিবার বেলা ১২.০৫ ঘটিকা। | ১০০০.০০ | উদ্ধৃত দরের ন্যূনতম ২৫% |
| | কুমিল্লা-ঠ-১১-০০৫০ (সিঙ্গেল কেবিন পিকআপ) | | | | | | |
| | কুমিল্লা-হ-১১-০২১৩ (মোটর সাইকেল) | | | | | | |
| | কুমিল্লা-হ-১১-০৩৫৭ (মোটর সাইকেল) | | | | | | |
| | কুমিল্লা-হ-১১-০৩৬১ (মোটর সাইকেল) | | | | | | |
| | কুমিল্লা-হ-১১-০১৭৭ (মোটর সাইকেল) | | | | | | |
| | কুমিল্লা-হ-১১-০৩৪২ (মোটর সাইকেল) | | | | | | |
| | কুমিল্লা-হ-১১-০৩৪১ (মোটর সাইকেল) | | | | | | |
| | কুমিল্লা-হ-১১-১০০৩ (মোটর সাইকেল) | | | | | | |
| | কুমিল্লা-হ-১১-১৮৪৭ (মোটর সাইকেল) | | | | | | |
| | কুমিল্লা-হ-১১-০৬৪৫ (মোটর সাইকেল) | | | | | | |
| | কুমিল্লা-হ-১১-০৯৮৭ (মোটর সাইকেল) | | | | | | |
| | কুমিল্লা-হ-১১-১০০৮ (মোটর সাইকেল) | | | | | | |
| | কুমিল্লা-হ-১১-০৭৭১ (মোটর সাইকেল) | | | | | | |
| | কুমিল্লা-হ-১১-০৯৮৫ (মোটর সাইকেল) | | | | | | |
| | কুমিল্লা-হ-১১- ১০৭১ (মোটর সাইকেল) | | | | | | |

০১। আগ্রহী দরদাতাকে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ অনুকূলে যেকোনো তফসীলি ব্যাংক হতে ০৭ (সাত) নং কলামে বর্ণিত পরিমাণ টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর সিনিয়র জেনারেল ম্যানেজার বরাবর নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে ক) কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪, লাকসাম, কুমিল্লা এবং খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন।

০২। নিলাম দরপত্র দাখিলের প্রতিটি দরপত্রের সাথে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ অনুকূলে যে কোন তফসীলি ব্যাংক হতে ০৮ (আট) নং কলামে বর্ণিত পরিমাণ অর্থাৎ উদ্ধৃত মোট নিলাম দরের ২৫% টাকার (ব্যর্থ দরদাতাদের জামানত প্রযোজ্য ক্ষেত্রে ফেরতযোগ্য এবং বিক্রয়াদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে সমন্বয় করা হবে) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে। নিরাপত্তা জামানত ছাড়া কোনো দরপত্র গ্রহণযোগ্য হবে না। দাখিলকৃত নিলাম দরপত্রসমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর **সদর দপ্তর, লাকসাম, কুমিল্লা** ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৩। নিলাম দরপত্র গ্রহণ/খোলার দিন যদি কোন কারণে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ছুটি ঘোষিত হয় তবে পরবর্তী অফিস খোলার দিন নির্ধারিত সময়ে দরপত্র গ্রহণ/খোলা হবে। ডাক/কুরিয়ার যোগে কোন নিলাম দরপত্র দলিল প্রেরণ বা গ্রহণ করা হবে না।

০৪। আগ্রহী যে কোন ক্রেতা/প্রতিষ্ঠান/ঠিকাদারগণ বর্ণিত মালামালের দর প্রস্তাবের ক্ষেত্রে উপরের বর্ননা অনুযায়ী নির্ধারণকৃত পৃথক পৃথকভাবে প্রাপ্ত সর্বোচ্চ ও রেসপনসিভ নিলাম দরদাতাকে বিক্রয়াদেশ প্রদান করা হবে।

০৫। সীলমোহরকৃত খামের উপর স্পষ্টাক্ষরে প্যাকেজ নম্বর উল্লেখসহ **"পুনঃ নিলাম দরপত্র বিজ্ঞপ্তি"** কথাটি লিখতে হবে।

০৬। কৃতকার্য নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত বিক্রয়াদেশ প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য এবং সরকারি নিয়মানুযায়ী উদ্ধৃত মোট নিলাম দরের উপর পৃথক পৃথকভাবে প্রযোজ্য হারে ভ্যাট ও অন্যান্য উৎস করসহ নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ পূর্বক নিজস্ব ব্যয়ে যেখানে যে অবস্থায় আছে সেখান হতে মালামাল গ্রহণ করতে হবে। অন্যথায় বিক্রয়াদেশ বাতিলসহ দরপত্রের সাথে দাখিলকৃত নিরাপত্তা জামানতের অর্থ সম্পূর্ণ বাজেয়াপ্ত করা হবে। উল্লেখ্য যে, পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর ক্ষেত্রে নগদায়নের পর মালামাল ডেলিভারী দেওয়া হবে।

০৭। ২৭/১২/২০২৩ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন (ছুটির দিন ব্যতীত) যানবাহনসমূহ কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪, লাকসাম, কুমিল্লা এর সদর দপ্তরে পরিদর্শন করা যাবে।

০৮। দরপত্রে কোন প্রকার কাটাছেঁড়া/ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। উদ্ধৃত একক দর ও মোট দর কথায় উল্লেখ করতে হবে। শর্তবহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৯। নিলাম দরপত্র সম্পর্কে কোন প্রকার জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে নিম্নের ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

১০। পবিস কর্তৃপক্ষ কোন প্রকার কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(নীল মাধব বণিক)
জেনারেল ম্যানেজার (অঃদাঃ)

অনুলিপিঃ-

১. পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
২. অফিস/মাস্টার কপি।

(নীল মাধব বণিক)
জেনারেল ম্যানেজার (অঃদাঃ)